# ডীন কার্যালয়
## পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ
### শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

স্মারক নং- শেকৃবি/ডীন/পিজিএস/PCMC/০৩(১)/.৮..৪০ — তারিখঃ ১৬/০৬/২০২৬

## সভার কার্যবিবরণী

১৬/০৬/২০২৬ তারিখ মঙ্গলবার বেলা ২:০০ টায় অত্র বিশ্ববিদ্যালয়ের ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজের PCMC এর এক সভা ডীন, পিজিএস মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে ডীন মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা নিম্নরূপ (নাম ও পদবী জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

| ক্রমিক নং | সদস্য বৃন্দের নাম | পদবী | দায়িত্বে নিয়োজিত বিভাগ |
|---|---|---|---|
| | কৃষি অনুষদ | | |
| ০১ | প্রফেসর ড. আবুল হাসনাত এম সোলায়মান | চেয়ারম্যান | উদ্যানতত্ত্ব |
| ০২ | প্রফেসর ড. মোঃ মঈনুল হক | চেয়ারম্যান | এগ্রিকালচারাল বোটানী |
| ০৩ | প্রফেসর ড. এস. এম. মিজানুর রহমান | চেয়ারম্যান | কীটতত্ত্ব |
| ০৪ | প্রফেসর ড. হুমায়রা হক | চেয়ারম্যান | বায়োটেকনোলজী |
| ০৫ | নুসরাত জাহান শেলী, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান |
| ০৬ | ড. মমিনুল হক রবিন, সহকারী অধ্যাপক | প্রতিনিধি | কৃষি রসায়ন |
| ০৭ | প্রফেসর ড. এ.কে.এম. রুহুল আমিন | প্রতিনিধি | কৃষিতত্ত্ব |
| ০৮ | প্রফেসর ড. কাজী কামরুল হুদা | প্রতিনিধি | কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন |
| ০৯ | প্রফেসর মোঃ মাহবুবুল আলম, পিএইচডি | প্রতিনিধি | কৃষি সম্প্রসারণ ও ইনফরমেশন সিস্টেম |
| ১০ | ড. মোঃ শাহরিয়ার জামান, সহযোগী অধ্যাপক | প্রতিনিধি | কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান |
| ১১ | ড. মোছাঃ শারমিন সুলতানা, সহযোগী অধ্যাপক | প্রতিনিধি | মৃত্তিকা বিজ্ঞান |
| | এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ | | |
| ১২ | প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান সরকার | চেয়ারম্যান | কৃষি পরিসংখ্যান |
| ১৩ | প্রফেসর ড. মোঃ সাদিক রহমান | চেয়ারম্যান | এগ্রিকালচারাল ফাইন্যান্স এন্ড ম্যানেজমেন্ট |
| ১৪ | ড. মোঃ গোলাম রব্বানী, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | এগ্রিবিজনেস্ এন্ড মার্কেটিং |
| ১৫ | মোঃ রাকিবুর রহমান, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | কৃষি অর্থনীতি |
| | এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন অনুষদ | | |
| ১৬ | ড. আল-নূর মোঃ ইফতেখার রহমান, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং |
| ১৭ | ড. মির্জা সিনথীয়া সাবরীন সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি |
| ১৮ | ড. মোছাঃ শরিফা জাহান, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি |
| ১৯ | ড. মোঃ রাশেদুল ইসলাম, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | সার্জারী এন্ড থেরিওজেনোলজি |
| ২০ | ড. সাজেদা সুলতানা, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | প্যাথলজী |
| ২১ | ড. মোঃ নাজমুল হক, সহকারী অধ্যাপক | চেয়ারম্যান | ডেইরি বিজ্ঞান |
| ২২ | ড. মোঃ রোকনুজ্জামান খান, প্রভাষক | চেয়ারম্যান | মেডিসিন এন্ড পাবলিক হেলথ |
| ২৩ | ফাল্গুনী দাদক, সহকারী অধ্যাপক | প্রতিনিধি | এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট |
| ২৪ | ড. মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী অধ্যাপক | প্রতিনিধি | এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি |
| | ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স অনুষদ | | |
| ২৫ | সৈয়দ মাশেকুল বারী, সহযোগী অধ্যাপক | চেয়ারম্যান | একোয়াটিক এনিম্যাল হেলথ ম্যানেজমেন্ট |
| ২৬ | শাহরিয়ার হিমেল, সহকারী অধ্যাপক | চেয়ারম্যান | একোয়াকালচার |
| ২৭ | জাকির হোসেন, সহকারী অধ্যাপক | চেয়ারম্যান | মেরিন ফিশারিজ এন্ড ওশেনোগ্রাফি |
| ২৮ | প্রফেসর ড. আসিফ ওয়ারেস নেওয়াজ | প্রতিনিধি | ফিশিং এন্ড পোস্ট হার্ভেস্ট টেকনোলজি |
| | ফুড সেফটি | | |
| ২৯ | প্রফেসর ড. মোঃ তাজুল ইসলাম চৌধুরী | প্রতিনিধি | কৃষি রসায়ন |
| | এগ্রিকালচারাল জার্নালিজম | | |
| ৩০ | প্রফেসর মোঃ মাহবুবুল আলম, পিএইচডি | কো-অর্ডিনেটর | কৃষি সম্প্রসারণ ও ইনফরমেশন সিস্টেম |



CamScanner

সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্তসমূহঃ

আলোচ্য বিষয় ০১। জানুয়ারী-জুন/২০২৫ এবং জানুয়ারী-জুন/২০২৬ সেমিস্টারের এমএস ও পিএইচডি প্রোগ্রামের মিড সেমিস্টার পরীক্ষা প্রসঙ্গে।

সভায় স্বল্প সময়ের ব্যবধানের জরুরী নোটিশে বিভাগীয় চেয়ারম্যানগণের উপস্থিতিকে ডীন মহোদয় সাধুবাদ জানান এবং সভা আহবানের বিস্তারিত তুলে ধরেন। কিছু সংখ্যক শিক্ষার্থী হঠকারীভাবে পরীক্ষাতে অংশগ্রহন না করার বিষয়ে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে এবং চলমান মিড সেমিস্টার পরীক্ষায় বাধা সৃষ্টি করার অপপ্রয়াস চালায়। এ বিষয়ে PCMC এর সভায় বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

ক) সভায় উপস্থিত সকল চেয়ারম্যানগণ ১৬/০৬/২০২৬ তারিখের নির্ধারিত পরীক্ষায় যে সকল শিক্ষার্থী অংশগ্রহন করেছে তাদেরকে সাধুবাদ জানায় এবং যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করেনি তাদের বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন।

খ) জানুয়ারী-জুন/২০২৫ এবং জানুয়ারী-জুন/২০২৬ সেমিস্টারের এমএস ও পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের চলমান সেমিস্টার নির্দিষ্ট সময়ে সম্পন্ন করণের স্বার্থে প্রকাশিত রুটিন অনুযায়ী যথাসময়ে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে সকল চেয়ারম্যানগণ একমত প্রকাশ করেন।

গ) বর্তমান রুটিন অনুযায়ী যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করবে না তাদের মিড সেমিস্টার পরীক্ষা পরবর্তীতে না নেওয়ার বিষয়ে চেয়ারম্যানগণ তাদের মত প্রকাশ করেন। বিভাগীয় চেয়ারম্যানগণের মতামত ব্যতীত কোন অবস্থাতেই পরীক্ষার সময়সূচি পরিবর্তন না করার জন্য চেয়ারম্যানবৃন্দ ডীন মহোদয়কে অনুরোধ করেণ এবং ডীন মহোদয় এ বিষয়ে PCMC সভার সিদ্ধান্ত অনুসরণ করার বিষয়ে একমত প্রকাশ করেন।

ঘ) ১৬/০৬/২০২৬ তারিখের পরীক্ষা যে সকল শিক্ষার্থী অংশগ্রহন করেনি তাদের বিষয়ে পরবর্তী পরীক্ষাসমূহে অংশগ্রহন স্বাপেক্ষে সিদ্ধান্ত গ্রহন করা হবে মর্মে উপস্থিত সকলে মতামত প্রকাশ করেন।

ঙ) সভায় সকল চেয়ারম্যানগণকে তাদের স্ব-স্ব বিভাগের শিক্ষার্থীদের কাউন্সিলিং এর মাধ্যমে পরীক্ষায় উপস্থিতি নিশ্চিত করার জন্য বলা হয়।

চ) ক্লাসের উপস্থিতি মনিটরিং করা ও পরীক্ষার জন্য ক্লাসে উপস্থিতি সংক্রান্ত অর্ডিন্যান্স যথাযথভাবে অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ) রিসার্চ সেমিস্টারে অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩য় সেমিস্টার থেকে ৪র্থ সেমিস্টার এবং ৪র্থ সেমিস্টার থেকে ৫ম সেমিস্টারে এনরোলমেন্ট করার ক্ষেত্রে তাদের গবেষণার অগ্রগতি সুপারভাইজারের মাধ্যমে ডীন, পিজিএস কার্যালয়কে অবহিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(প্রফেসর ড. মোঃ সালাহউদ্দিন মাহমুদ চৌধুরী)
ডীন
পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বিভাগীয় চেয়ারম্যান/কো-অর্ডিনেটর/পরীক্ষা নিয়ন্ত্রক

............................................................................................................ বিভাগ, শেকৃবি, ঢাকা।

অনুলিপিঃ

০১। রেজিস্ট্রার, শেকৃবি, ঢাকা।
০২। একান্ত সচিব ভাইস চ্যান্সেলর সচিবালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
০৩। অফিস কপি।



CS CamScanner